কোটচাঁদপুরে হোটেলের গ্যাস সিলিন্ডারে অগ্নিকাণ্ড অল্পের জন্য রক্ষা পেলেন সাবেক এমপি

ঝিনাইদহের কোটচাঁদপুরে গ্যাস সিলিন্ডারের পাইপ লিকেজ হয়ে খাবার হোটেলে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এঘটনায় অল্পের জন্য রক্ষা পেয়েছেন ঝিনাইদহ-৩ আসনের সাবেক এমপি ও কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য অধ্যাপক নবী নেওয়াজ।
এ সময় দলীয় নেতা-কর্মী ছাড়াও থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ও ইউপি চেয়ারম্যান আবদুল মতিন প্রাণে রক্ষা পেয়েছেন। গতকাল বৃহস্পতিবার বিকালে স্থানীয় মেইন বাসস্ট্যান্ডের সুইট হোটেল এন্ড রেস্টুুরেন্টে এ দুর্ঘটনা ঘটে। খবর পেয়ে কোটচাঁদপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণে আনেন। হোটেল মালিক আব্দুর রহিম জানান, গতকাল বৃহস্পতিবার বিকালে আমার মালিকানাধীন সুইট হোটেল এন্ড রেস্টুরেন্টের প্রবেশ মুখে গ্যাস সিলিন্ডারের পাইপ লিকেজ হয়ে হটাৎ অগ্নিকাণ্ড ঘটে।
এ সময় হোটেলের মধ্যে সাবেক সংসদ সদস্য অধ্যাপক নবী নেওয়াজ, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ও ইউপি চেয়ারম্যান আবদুল মতিনসহ স্থানীয় আ. লীগের নেতা-কর্মীরা অবস্থান করছিল। হটাৎ অগ্নিকাণ্ডে সবাই আতঙ্কিত হয়ে হোটেলের পিছনের দরজা দিয়ে বের হয়ে যায়। পরে ফায়ার সার্ভিস ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণে আনেন। এতে হতাহতের কোন ঘটনা ঘটেনি।
ঘটনার সত্যতা নিশ্চিত করে মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, নেতা-কর্মীদের সাথে নিয়ে সাবেক সংসদ সদস্য নবী নেওয়াজসহ আমি সুইট হোটেল এন্ড রেস্টুরেন্টে বসে চা খাচ্ছিলাম। এ সময় হটাৎ গ্যাস সিলিন্ডারে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ওসি জানান, বড় কোন দুর্ঘটনা না ঘটে অল্পের জন্য সবাই রক্ষা পেয়েছেন।

জীবননগরে স্ত্রী হত্যা মামলার পলাতক আসামি স্বামী গ্রেফতার

জীবননগরে স্ত্রী হত্যা মামলায় স্বামীকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল বৃহস্পতিবার সকালে ঈশ্বরদী রেলস্টেশন এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।
গ্রেফতারকৃত আব্দুস সালাম জীবননগর উপজেলার শিংনগর গ্রামের মৃত সফর সরদারদের ছেলে।
জীবননগর থানার ওসি (তদন্ত) ফেরদৌস ওয়াহিদ জানান, গোপন তথ্যের ভিত্তিতে ওসি সাইফুল ইসলামের নির্দেশে এস আই আমির হোসেন, এস আই আনিস, এ এস আই ইমামুল ও এ এস আই আহসান হাবিব ঈশ্বরদী রেলস্টেশন এলাকায় অভিযান চালিয়ে স্ত্রী তানজিলা খাতুন হত্যা মামলার পলাতক আসামি স্বামী আব্দুস সালামকে গ্রেফতার করা হয়।
এর আগে, গত বুধবার সন্ধ্যায় জীবননগর উপজেলার উথলী কোমরপাড়া মাঠের আখক্ষেত থেকে গৃহবধু তানজিলা খাতুনের ক্ষত-বিক্ষত মরদেহ উদ্ধার করে জীবননগর থানা পুলিশ। ওই ঘটনার রাতেই নিহতের ভাই রবিউল ইসলাম বাদী হয়ে জীবননগর থানায় একটি হত্যা মামলা দায়ের করে।

জাতিসংঘ শান্তিরক্ষায় অনন্য অবদানের স্বীকৃতি পেলেন অতিরিক্ত পুলিশ সুপার নূর

জাতিসংঘ-আফ্রিকা ইউনিয়নের হাইব্রিড মিশন দারফুর, সুদানে শান্তিরক্ষায় কঠোর পরিশ্রম আর অসাধারণ কর্মদক্ষতার স্বীকৃতি স্বরূপ প্রশংসা সনদ পেলেন বাংলাদেশ ফর্মড পুলিশ ইউনিটের এডমিন অফিসার অতিরিক্ত পুলিশ সুপার নূর-ই-আলম সিদ্দিকী।
উনামিড মিশনে নিযুক্ত শান্তিরক্ষা মিশনের ভারপ্রাপ্ত পুলিশ কমিশনার ড. সুলতান আজম তিমুরি গতকাল (২৫ ফেব্রুয়ারি) দারফুর এলফাশের লগবেইজড সুপারক্যাম্পে তার নিজস্ব কার্যালয়ে এই সনদ

প্রদান করেন।
তপ্ত মরুভূমির বৈরি পরিবেশে সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে নূর-ই-আলম সিদ্দিকী সর্ব্বৃহত নিয়ালা সুপার ক্যাম্প, আল ফেশার ক্যাম্প, কুটুম ক্যাম্প এর নিরাপত্তা দক্ষতার সাথে প্রদান করেন।
যথাযথ সিকিউরিটি প্রটোকল মেনে দুই দুই বার রিলোকেশনের চ্যালেঞ্জ স্বাচ্ছন্দ্যে গ্রহণ করে নির্ভরতার পরিচয় দেন এডমিন এন্ড ডিউটি অফিসার নূর। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাবেক এই শিক্ষার্থীর স্থানীয় দরিদ্র জনগোষ্ঠীর মাঝে পরিচালিত”ওহপড়সব এবহবৎধঃরহম অপঃরারঃরবং”, “সম্পদ ব্যবস্থাপনা” ধারণা উনামিড লিডারশীপ কতৃক ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে বলে জানান বাংলাদেশ এফপিইউ এর কমান্ডার পুলিশ সুপার মোহাম্মদ আবদুল হালিম। তার পরিকল্পনায় এবং ভিন্ন ভাষায় সাবলীল উপস্থাপনায় মঞ্চায়িত বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আন্তর্জাতিক অঙ্গনে ভীনদেশীদের মাঝে বাংলা সংস্কৃতি প্রচারে কার্যকরী ভূমিকা রেখেছে বলে পুলিশ সুপার হালিম জানান।
‘প্রশংসা সনদ’ প্রাপ্তিতে উচ্ছ্বাস প্রকাশ করে অতিরিক্ত পুলিশ সুপার নূর জানান, ‘চেষ্টা করেছি মিশন সংশ্লিষ্ট প্রতিটি কাজে বাংলাদেশ পুলিশের ইতিবাচক ইমেজ তৈরি করে শান্তিরক্ষায় বাংলাদেশের গৌরবোজ্জ্বল অধ্যায়ের সাক্ষী হতে। দীর্ঘ ২১ মাসের নিরলস পরিশ্রম, পেশাদারীত্ব আর দায়ীত্ববোধের অর্জিত শিক্ষা বয়ে নিয়ে যেতে চাই প্রিয় মাতৃভূমি বাংলাদেশে। আজকের এই সনদ আর জাতিসংঘের শান্তি পদক প্রাপ্তি প্রেরণা জোগাবে বাংলাদেশ পুলিশের অগ্রযাত্রায় শামীল হতে।”
উল্লেখ্য অতিরিক্ত পুলিশ সুপার নূর-ই-আলম সিদ্দিকী মিশনে গমনের পূর্বে কুষ্টিয়া ভেড়ামারা সার্কেলে কর্মকালীন বিভিন্ন চাঞ্চল্যকর গুরুত্বপূর্ণ মামলার রহস্য উন্মোচন করে কুষ্টিয়াবাসীর কাছে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছিলেন।

ভেড়ামারায় কুউপ আয়োজিত

উদ্যোক্তা মেলার উদ্বোধন

ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ বলেছেন, সৃজনশীল উদ্যোক্তারা দেশে নতুন করে কর্মসংস্থান তৈরি করে অর্থনীতিতে অবদান রাখবে। শুধু তাই নয়, আরও মানুষের কর্মসংস্থানও সৃষ্টি করতে সক্ষম হবে।
তিনি বলেন, “একজনের অর্থনৈতিক-সামাজিক স্বচ্ছলতা না থাকতে পারে, কিন্তু যখন তার একটা বড় স্বপ্ন আছে, তিনিও সফল উদ্যোক্তা হওয়ার সমান সম্ভাবনা রাখেন।”
গতকাল বৃহস্পতিবার (২৫ ফেব্রুয়ারি) বিকালে ভেড়ামারা উপজেলা চত্বরে তিন দিনব্যাপী উদ্যোক্তা মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।
তিনি বলেন, আর্থ-সামাজিক স্বচ্ছলতা উদ্যোক্তা হওয়ার পথে একজনের যাত্রাকে সহজ করে দেয়। তবে কোনো ধরনের সমর্থন ছাড়াও যে কেউ উদ্যোক্তা হতে পারেন। আর তাই জীবনে যেতে চাইলে সংগ্রাম করতে হবে।
কুষ্টিয়া উদ্যোক্তা পরিবার (কুউপ)’র সমন্বয়কারী সদৃশ্য সুলতানের সভাপতিত্বে
অনুষ্ঠানে জাসদ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক আব্দুল আলিম স্বপন, উপজেলার পরিষদের চেয়ারম্যান হাজী আক্তারুজ্জামান মিঠু, অতিরিক্ত পুলিশ সুপার (ভেড়ামারা সার্কেল) ইয়াসির আরাফাত, মেয়র আনোয়ারুল কবির টুটুল, তার সহধর্মিণী কবি ও লেখক আমেনা খানম, সাবেক মেয়র শামীমুল ইসলাম ছানা, ভেড়ামারা প্রেস ক্লাবের সভাপতি জাহাঙ্গীর হোসেন জুয়েল উপস্থিত ছিলেন।
কুষ্টিয়া উদ্যোক্তা পরিবার (কুউপ) নামের কুষ্টিয়ার সর্ব প্রথম অনলাইন উদ্যোক্তা গ্রুপ এ মেলার আয়োজন করে।
মেলায় ৩৭টি স্টলে বিক্রেতারা আয়োজনের পসরা সাজিয়ে বসেছেন। (কুউপ)’র সমন্বয়কারী সদৃশ্য সুলতান বলেন, মালদ্বীপ প্রবাসী তরুণ জীবন রহমান মহন এর সৃষ্টি করা (কুউপ) এর মাধ্যমে অনলাইনে কেনা- বেচা করা নারী ও পুরুষ উদ্যোক্তাদের হরেক পণ্যের সমাহার বসে এ মেলায়। মেলা উপলক্ষে বিভিন্ন স্টলে ছাড়ের সুবিধার পাশাপাশি সেলফি তুলেও থাকছে পুরষ্কারের ব্যবস্থা। এছাড়া ফ্রি ওয়াইফাইসহ মেহেদী উৎসবের আয়োজনও রয়েছে মেলা প্রাঙ্গণে।
মেলায় হস্তশিল্প, কারুকার্য, হাতে বানানো পোশাক, শিশুদের তৈরি পোষাক, হোম মেইড ফুড, জুয়েলারি সামগ্রী, অর্গানিক পণ্য ও ঐতিহ্যের সমাহার খাবারসহ বিভিন্ন পণ্যের আয়োজন রয়েছে সেখানে।

পাশাপাশি বিভিন্ন খেলনার দোকান, মুড়ি মুড়কি, বাতাসা ও জিলাপীর দোকান বসেছে।
প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত ক্রেতা দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকছে এ মেলা। চলবে আগামী শনিবার (২৭ ফেব্রুয়ারি) পর্যন্ত।

দামুড়হুদায় কৃষিজ কর্মসূচির আওতায় উপকরণ বিতরণ

দামুড়হুদায় উদ্বোধনীমূলক কৃষিজ কর্মসূচির আওতায় বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়েছে। জানা যায়, গতকাল বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের বাস্তবায়নে উপজেলার ১১জন নারীর মাঝে বিভিন্ন উপকরণ সামগ্রী বিতরণ করা হয়।
মাংসের হাঁস (পেকিন) প্রদর্শনী খামারে দামুড়হুদার কোষাঘাটাস্থ সিডিপি কার্যালয়ে উপকরণ বিতরণকালে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের উপ-পরিচালক মো: জহির রায়হান, সহকারী সমন্বয়কারী ডা. তুহিন মিয়া ও প্রকল্প সমন্বয়কারী মো: আবু নাঈম খাঁন।

দামুড়হুদার লক্ষীপুর মাঠে ত্রি-ফসলি জমির মাটি কেটে বিক্রির অভিযোগ

দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের দলকা লক্ষীপুর গ্রামের মাঠে ফসলি জমির মাটি কেটে বিক্রির অভিযোগ উঠেছে সাবেক ছাত্রলীগনেতা আলি হোসেনের বিরুদ্ধে।

জুড়ানপুর ইউনিয়নের সাবেক ছাত্রলীগনেতা আলি হোসেন (৩২) দামুড়হুদা উপজেলার দলকা লক্ষীপুর গ্রামের সামসুল ইসলামের ছেলে।
সরজমিনে ও অভিযোগে জানা যায়, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের দলকা লক্ষীপুর কালুপাড়ার রাস্তা সংলগ্ন মাঠে খননযন্ত্র (ভেকু মেশিন) দিয়ে ফসলি জমির মাটি কেটে বিক্রি করছে দলকা লক্ষীপুর গ্রামের আলি হোসেন। যার ফলে পাশ্ববর্তী জমির ভাঙ্গনসহ মাটির টপ সয়েল ক্ষতিগ্রস্ত হচ্ছে বলেও জানা যায়। আলি হোসেন ত্রি-ফসলি জমির মাঝ মাঠে পুকুর খননের অজুহাতে মাটি কেটে বিক্রি করে চলেছে।
তার এই পুকুর খননের অজুহাতে ঐ গ্রামের মাঠের অন্যান্য জমিগুলো হুমকির মুখে পড়ে যাচ্ছে। অন্যান্য জমির মালিকরা আলি হোসেনকে তাদের জমির সমস্যার কথা বললেও কোনো রকম কর্ণপাত না করেই চালিয়ে যাচ্ছে মাটি কাটার কাজ।
একদিকে যেমন ক্ষতি হচ্ছে ফসলি জমি অন্যদিকে ক্ষতি হচ্ছে ঐ গ্রামের রাস্তার। অদক্ষ চালকরা মাটি বোঝায় ট্রাক্টর নিয়ে বেপরোয়া গতিতে গ্রামের রাস্তায় চলাচলের ফলে সাধারণ মানুষসহ শিশুরা অনিরাপদ জীবনযাপন করছে বলেও অভিযোগ পাওয়া গিয়েছে। পাশ্ববর্তী জমির মালিকরা বলেন, আলি হোসেনকে আমরা কয়েকবার মাটি কাটতে নিষেধ করেছি। সে এলাকায় প্রভাবশালী হওয়ায় আমরা তাকে বেশি জোর দিয়ে কিছু বলতে পারিনা। এভাবে ত্রি-ফসলি জমির মাটি অবৈধভাবে কেটে বিক্রি করলে পাশের জমি তো ভাঙবেই। সেই সাথে রাস্তাও হুমকির মুখে পড়ে যাবে। আর এভাবে মাটি কাটা হলে আমরা আমাদের জমি থেকে চাহিদা অনুযায়ী ফসল ফলাতে পারবো না ।
যখন আমরা চাহিদা অনুযায়ী ফসল ফলাতে
না পারবো তখন হয়ত খাদ্য ঘারতির মতো সমস্যায় পড়তে হতে পারে আমাদের। তাই
ত্রি-ফসলি জমি রক্ষাতে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের হস্তক্ষেপ কামনা করেছেন ভুক্তোভোগী জমি মালিক ও কৃষকরা।
দামুড়হুদার জুড়ানপুর ইউপি সদস্য তরিকুল ইসলাম বলেন, একাধিক কৃষকের অভিযোগের প্রেক্ষিতে আমি বিষয়টি জানতে পেরে ঐ মাঠে ইউনিয়ন পরিষদ থেকে চৌকিদার পাঠিয়েছিলাম। তারা সেখানে গিয়ে আলি হোসেনকে ত্রি-ফসলি জমি থেকে মাটি কাটতে নিষেধ করে আসে। কিন্তু আলি হোসেন দুষ্টু লোক হওয়ায় সে কারো কথার তোয়াক্কা না করেই মাটি কাটা অব্যাহত রেখেছে।
দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, অবৈধভাবে ফসলি জমির মাটি কেটে বিক্রি করলে সে যেই হোক না কেনো তার বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দামুড়হুদা উপজেলায় ক্ষুদ্র নৃগোষ্ঠীদের মাঝে বিভিন্ন উপকরণ বিতরণ

প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাধীন “বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্রগাম ব্যতীত)” শীর্ষক কর্মসূচির আওতায় দামুড়হুদা উপজেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের মাঝে শিক্ষা বৃত্তি, শিক্ষা উপকরণ, বাইসাইকেল বিতরণ ও গৃহনির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বৃহস্পতিবার বিকাল ৩টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মো: নজরুল ইসলাম সরকার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, সমবায় কর্মকর্তা হারুন অর রশিদ, একাডেমিকসুপার ভাইজার রাফিজুল ইসলাম, উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা রিয়াজুল ইসলাম। অনুষ্ঠানে ২৫জনকে শিক্ষা উপকরণ, ১৩জনকে শিক্ষা বৃত্তির নগদ অর্থ প্রদান, ১০জন ছাত্রীকে বাইসাইকেল প্রদান, ৫টি পরিবারকে ঘর প্রদানের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপনের উদ্বোধন করা হয়।

বারাদী বাজারে ভোক্তা অধিকার ও সংরক্ষণ অধিদপ্তরের অভিযান

মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজারে ভোক্তা অধিকার ও সংরক্ষণ অধিদপ্তরের অভিযান পরিচালিত হয়েছে। গতকার বৃহস্পতিবার দুপুরে বারাদী বাজারের বেশ কয়েকটি দোকানে এ অভিযান চালিয়ে ৮ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে । অভিযানে মেয়াদ উত্তীর্ণ ঔষধ ও পণ্য এবং

অস্বাস্থ্যকর পরিবেশ থাকার অপরাধে আনোয়ার বীজ ভাণ্ডারে ৩ হাজার, আবু বকর এন্ড সন্সে ১ হাজার, তাহের হোটেলে ১ হাজার ও খোকা ফার্মেসীতে ৩ হাজার টাকা জরিমানা আদায় করেন।
অভিযান পরিচালনা করেন ভোক্তা অধিকার ও সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ, অভিযানে সহযোগিতা করে মেহেরপুর জেলা পুলিশের একটি টিম।

সাংবাদিক মুজাক্কির হত্যার প্রতিবাদে কোটচাঁদপুরে মানববন্ধন

নোয়াখালীর কোম্পানীগঞ্জে আ. লীগের দু’পক্ষের সংঘর্ষ চলাকালে পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে সন্ত্রাসীদের গুলিতে নিহত সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির হত্যার প্রতিবাদ ও মূল হোতাদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে ঝিনাইদহের কোটচাঁদপুরে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টায় কোটচাঁদপুরে কর্মরত সাংবাদিকদের আয়োজনে স্থানীয় পৌর বাজার পায়রা চত্বরে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে উপজেলায় কর্মরত বিভিন্ন মিডিয়ার পেশাজীবী সাংবাদিকরা অংশ নেয়। বক্তারা সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির হত্যার মূল হোতাদের দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করে সারাদেশে সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সরকারের প্রতি অনুরোধ জানান।
এ সময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক কাজী মৃদুল, সহ-সভাপতি আলামগীর খাঁন, সাংবাদিক ইসমাঈল হোসেন, রিপোটার্স ক্লাবের সভাপতি অশোক দে, সাধারণ সম্পাদক সুব্রত কুমার, উপজেলা সাংবাদিক ইউনিয়ন (কেইউজে) সভাপতি এসএম রায়হান উদ্দীন, সাধারণ সম্পাদক মঈন উদ্দীন খাঁন, সহ-সভাপতি আজিজুল হক, সিনিয়র সদস্য শামীম রেজা, কোটচাঁদপুর রিপোটার্স ইউনিটির যুগ্ম-সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ বাশারসহ রিপোটার্স ইউনিটির সদস্যবৃন্দ।

প্রসঙ্গত গত ১৯ ফেব্রুয়ারি সাংবাদিক বোরহান উদ্দীন মুজাক্কির নোয়াখালীর চাপরাশির হাট বাজারে আ. লীগের দু’গ্রুপের সংঘর্ষের সময় পেশাগত দায়িত্ব পালনকালে গুলিবিদ্ধ হয়ে গুরতর আহত হন। পরে তাকে উন্নত চিকিৎসাল জন্য ঢাকা মেডিক্যালে নেয়া হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় গত ২০ ফেব্রুয়ারি তিনি মারা যান।

দর্শনার বেগমপুরে বিস্কুট কোম্পানির গাড়ী উল্টে ফরিদ নিহত আহত ১

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানাধীন বেগমপুর পুলিশ ফাড়ির পাশে বিস্কুট কোম্পানির আলমসাধু উল্টে দর্শনা আজমপুরের ফরিদ হোসেন
(৫০) ঘটনাস্থলেই নিহত হন এবং তার সাথে থাকা থ্রি-হুইলার ড্রাইভার শরিফুল (২২) গুরুতর ভাবে আহত হয়েছে। আজ বৃহস্পতিবার অনুমানিক ১২ টার দিলে এই সড়ক দুর্ঘটনা ঘটে। জানা গেছে সড়ক দুর্ঘটনায় আজমপুর নিবাসি ০৩ নং ওয়ার্ড এর মৃত আঃ রশিদ এর পুত্র ছিলেন ফরিদ হোসেন এবং আহত শরিফুল ড্রাইভার একই গ্রাম আজমপুরের মৃত নুর ইসলামের ছেলে। আরও জানা গেছে দ্রুত গতিতে বেগমপুর পুলিশ ক্যাম্পের সামনে পৌছালে নিয়ন্ত্রণ হারিয়ে থ্রি-হুইলার উল্টে যায় । পরে স্থানীয় লোকজন দ্রুত তাদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায় এবং সেখানে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. জান্নাতুল ফেরদৌস ফরিদ হোসেন কে মৃত বলে ঘোষণা করেন । এই সড়ক দুর্ঘটনায় বিষয়ে চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু জিহাদ ফকরুল আলম খান জানান, ঘটনাস্থল থেকে স্থানীয় লোকজন দুই জনকে উদ্ধার করে চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠানো হলে কর্তব্যরত চিকিৎসক ফরিদ হোসেনকে মৃত বলে ঘোষণা করেন এবং আহত থ্রি-হুইলার চালাক শরিফুল ইসলাম কে চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি রাখা হয়েছে।